## ২.৫ অনুবিভাগ-৫ঃ (এডিবি)

### ২.৫.১ পটভূমি

অর্থনৈতিক সম্পর্ক বিভাগের এডিবি অনুবিভাগ (উইং-৫) দেশের আর্থ-সামাজিক ও অবকাঠামোগত উন্নয়নের জন্য গৃহীত প্রকল্প/কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর ঋণ ও কারিগরি সহায়তা গ্রহণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম, চলমান প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং এডিবির অর্থায়নে দেশে/বিদেশে আয়োজিত প্রশিক্ষণ/কর্মশালা/সভায় বাংলাদেশ সরকারের প্রতিনিধি/কর্মকর্তা মনোনয়ন প্রদান সংশ্লিষ্ট কার্যক্রম সম্পাদন করে থাকে। এডিবির মূল লক্ষ্য ও উদ্দেশ্য হচ্ছে- অব্যাহত অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের মাধ্যমে Asia-Pacific অঞ্চলের সদস্য দেশসমূহকে দ্রারিদ্য মুক্ত করা এবং এ অঞ্চলের জনসাধারণের জীবনমানের উন্নয়ন সাধন। এটি বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম উন্নয়ন সহযোগি সংস্থা। স্বাধীনতা উত্তর ১৯৭৩ সালে সদস্যপদ লাভ করার পর থেকে এ সংস্থা নিরবিচ্ছিন্নভাবে বাংলাদেশের আর্থ-সামাজিক ও অবকাঠামোগত উন্নয়নে সহযোগিতা প্রদান করে আসছে। এশীয় উন্নয়ন তহবিল থেকে রেয়াতি সুবিধায় সর্বাধিক ঋণগ্রহণকারী দেশসমূহের মধ্যে বাংলাদেশ অন্যতম।

এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক ১৯৬৬ সালের ২২ আগষ্ট ০১ লক্ষ শেয়ার ও ৩১টি সদস্যদেশ নিয়ে যাত্রা শুরু করে। ১৯৬৬ সালে প্রতিষ্ঠার পর থেকে বিগত ৫০ বছর যাবৎ এশিয়া প্যাসিফিক অঞ্চলে উন্নয়ন সহায়তা প্রদান করে আসছে। এ আঞ্চলিক আর্থিক সংস্থার বর্তমানে শেয়ার সংখ্যা ১,০৬,৩৮,৯৩৩টি এবং ৪৮টি আঞ্চলিক সদস্যদেশসহ মোট সদস্য সংখ্যা ৬৭টি। শেয়ার সংখ্যার দিক থেকে এডিবিতে বাংলাদেশের অবস্থান ২০তম এবং আঞ্চলিক দেশসমূহের মধ্যে ১৩ তম।

এডিবি বাংলাদেশকে দুই ধরনের আর্থিক সহায়তা দিয়ে থাকে-একটি ঋণ ও অপরটি অনুদান। বাংলাদেশ সাধারণত এডিবির এ ধরনের ঋণই নিয়ে থাকে। যার একটি ADF (Asian Development Fund) ঋণ এবং অন্যটি OCR (Ordinary Capital Resources) ঋণ। ADF ঋণটি সহজ শর্তের যা ৫ বছর গ্রেস পিরিয়ডসহ ২৫ বছরে পরিশোধযোগ্য। OCR ঋণ ৫ বছরের রেয়াতি মেয়াদসহ ২৫ বছরে পরিশোধযোগ্য তবে ঋণের সুদের হার London Inter Bank Offered Rate (LIBOR) ভিত্তিক। উল্লেখ্য, বাংলাদেশ ১৯৯৯ সাল পর্যন্ত এডিবি থেকে শুধুমাত্র ADF ঋণ গ্রহণের সুবিধা লাভ করেছে। এডিবি থেকে ঋণ গ্রহণকারী দেশসমূহ বর্তমানে ৩ (তিন) শ্রেণিতে বিভক্ত- (a) ADF Only Countries; (b) Blend Countries এবং (c) OCR Only Countries. আর্থিক সক্ষমতা কিছুটা উন্নত হওয়ায় ২০০০ সাল থেকে বাংলাদেশ ঋণ প্রাপ্তির ক্ষেত্রে এডিবির বি-শ্রেণিভুক্ত দেশ হিসেবে গণ্য এবং বর্তমানে প্রায় সমহারে এডিবির উভয় খাত হতে বছরে ৮০০ থেকে ১০০০ মিলিয়ন মার্কিন ডলার ঋণ পেয়ে থাকে।

এডিবি তার সদস্য দেশসমূহের চাহিদা মোতাবেক ঋণ/অনুদান প্রদান ছাড়াও Sub-regional Economic Cooperation-এর মাধ্যমে একই অঞ্চলে পাশাপাশি অবস্থিত দেশসমূহের অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে পরিবহন ও যোগাযোগ, বিদ্যুৎ, তথ্য প্রযুক্তি ও আন্তঃবাণিজ্য সহজীকরণের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। এডিবির এ ধরনের ৫টি Sub-regional Economic Cooperation-এর মধ্যে South Asia Sub- regional Economic Cooperation (SASEC) অন্যতম এবং এর সদস্যদেশের মধ্যে রয়েছে বাংলাদেশ, ভুটান, নেপাল ও ভারত। বাংলাদেশের জন্য SASEC এর Nodal Official হলেন পদাধিকারবলে ইআরডির সিনিয়র সচিব।

### ২.৫.২ বাংলাদেশে আর্থ-সামাজিক উন্নয়নে এডিবির সহায়তাঃ

অন্যান্য উন্নয়ন সহযোগী সংস্থাসহ এডিবি বাংলাদেশকে এ যাবৎ মোট ২৭.২ বিলিয়ন মার্কিন ডলারের উন্নয়ন সহায়তা প্রদান করেছে। উন্নয়ন সহায়তার ক্ষেত্রে এডিবি প্রধানত বিদ্যুৎ, জ্বালানি, স্থানীয় সরকার, পরিবহন, কৃষি, শিক্ষা, পানি সম্পদ ও সুশাসন সেক্টরকে প্রাধান্য দেয়। এডিবি অনুবিভাগে ২০১৫-১৬ অর্থ-বছরে ০৭টি বিনিয়োগ প্রকল্প ও ০৬টি কারিগরি প্রকল্পে এডিবি মোট ৮৬৬.২২৫ মিলিয়ন মার্কিন ডলার সহায়তা প্রদান করেছে। ২০১৫-১৬ অর্থ-বছরে সম্পাদিত চুক্তিসমূহের সংক্ষিপ্ত বিবরণঃ

❖ <u>বিনিয়োগ প্রকল্প</u>

**প্রকল্পের নামঃ Additional Financing to the Sub-Regional Transport Project Preparatory Facility**

প্রকল্পের চুক্তি স্বাক্ষরিত হয় ২৬ অক্টোবর ২০১৫। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং রেলপথ মন্ত্রণালয় প্রকল্পটির উদ্যোগী বিভাগ এবং সড়ক ও জনপথ অধিদপ্তর এবং বাংলাদেশ রেলওয়ে বাস্তবায়নকারী সংস্থা। প্রকল্পে এডিবি প্রদত্ত ঋণের পরিমাণঃ ৩০ মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্প বাস্তবায়নের মেয়াদ জানুয়ারি ২০১৬ থেকে জুন ২০২২ পর্যন্ত। প্রকল্পটির উদ্দেশ্য হল বাংলাদেশকে ট্রান্স-এশিয়া রেলওয়ে লিংক এবং এশিয়ান হাইওয়ের সাথে যুক্ত করার লক্ষ্যে রেল ও সড়ক খাতের অগ্রাধিকারযুক্ত প্রকল্পসমূহ প্রণয়নে এ ঋণচুক্তির আওতায় সহায়তা প্রদান করা হবে। অতিরিক্ত অর্থায়নের মাধ্যমে সম্ভাব্যতা যাচাই, বিস্তারিত নকশা প্রণয়ন এবং বাস্তবায়ন সহায়তা প্রদান করা হবে যা এ প্রকল্প প্রণয়ন ও প্রস্তুতিমূলক কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে সরকারের সক্ষমতা বৃদ্ধি করবে।

**প্রকল্পের নামঃ** **Railway Sector Investment Program (MFF) Tranche 4**

প্রকল্পের চুক্তি স্বাক্ষরিত হয় ১০ এপ্রিল ২০১৬। রেলপথ মন্ত্রণালয় প্রকল্পটির উদ্যোগী বিভাগ এবং বাংলাদেশ রেলওয়ে বাস্তবায়নকারী সংস্থা। প্রকল্পে এডিবি প্রদত্ত ঋণের পরিমাণ ৫০ মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্প বাস্তবায়নের মেয়াদ এপ্রিল ২০১৬ থেকে অক্টোবর ২০ পর্যন্ত। প্রকল্পটির উদ্দেশ্য হল রেলওয়ে সেক্টরের সার্বিক কর্মক্ষমতা বৃদ্ধির মাধ্যমে দেশের কাঙ্খিত অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে সহায়তা করা। রেল পরিচালনার ক্ষেত্রে নিরাপত্তা ও সময়ানুবর্তিতা নিশ্চিত করা। রেলের গতি বৃদ্ধিসহ রেলপথের সক্ষমতা ও রেল পরিচালনের সুবিধাদি বৃদ্ধি করে ভ্রমণ সময় হ্রাস এবং আঞ্চলিক রেল যোগাযোগকে শক্তিশালী করা।

**প্রকল্পের নামঃ** **Secondary Education Sector Investment Program Tranche -2**

প্রকল্পের চুক্তি স্বাক্ষরিত হয় ২৩ নভেম্বর ২০১৫। শিক্ষা মন্ত্রণালয় প্রকল্পটির উদ্যোগী বিভাগ এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাস্তবায়নকারী সংস্থা। প্রকল্পে এডিবি প্রদত্ত ঋণের পরিমাণ ১৮৫ মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্প বাস্তবায়নের মেয়াদ ২০১৫-২০১৭ পর্যন্ত। প্রকল্পটির উদ্দেশ্য হল মাধ্যমিক স্তরে প্রাসঙ্গিকতার ভিত্তিতে পাঠ্যক্রম উন্নয়ন শিখন পদ্ধতি উন্নয়ন, সমতার ভিত্তিতে শিক্ষা গ্রহণের সুবিধা বৃদ্ধি ও ঝড়ে পড়া রোধকল্পে ব্যবস্থা গ্রহণ এবং শিক্ষা ব্যবস্থাপনা ও পরিকল্পনা কার্যক্রম জোড়দারকরণ।

**প্রকল্পের নামঃ** **SASEC Second Bangladesh-India Electrical Grid Interconnection Project**

প্রকল্পের চুক্তি স্বাক্ষরিত হয় ১৯ নভেম্বর ২০১৫। বিদ্যুৎ বিভাগ প্রকল্পটির উদ্যোগী বিভাগ এবং পাওয়ার গ্রীড কোম্পানি অব বাংলাদেশ লিঃ বাস্তবায়নকারী সংস্থা। প্রকল্পে এডিবি প্রদত্ত ঋণের পরিমাণ ১২০ মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্প বাস্তবায়নের মেয়াদ জানুয়ারি ২০১৫ হতে ডিসেম্বর ২০১৮ পর্যন্ত। প্রকল্পটির উদ্দেশ্য হল বাংলাদেশ ভারত গ্রীড আন্তঃসংযোগের বিদ্যমান ক্ষমতা বৃদ্ধির মাধ্যমে অতিরিক্ত ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ ভারত থেকে আমদানি করা এবং উভয় দেশের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে ক্রমবর্ধমান বিদ্যুতের চাহিদা পূরণ করা।

**প্রকল্পের নামঃ** **Southwest Area Integrated Water Resources Planning & Management Project (Additional Financing)**

প্রকল্পের চুক্তি স্বাক্ষরিত হয় ১৩ ডিসেম্বর ২০১৫। পানি সম্পদ মন্ত্রণালয় প্রকল্পটির উদ্যোগী বিভাগ এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড বাস্তবায়নকারী সংস্থা। প্রকল্পে এডিবি প্রদত্ত ঋণের পরিমাণ ৪৫ মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্প বাস্তবায়নের মেয়াদঃ জুলাই ২০১৫ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত। প্রকল্পটির উদ্দেশ্য হল প্রকল্প এলাকায় বন্যা নিয়ন্ত্রণ এবং পানি নিষ্কাশন/সেচ ব্যবস্থার উন্নয়নের মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি সাধন ও দারিদ্র হ্রাস করে গ্রামীণ জনসাধারণের জীবনমানের উন্নয়ন ঘটানো।

**প্রকল্পের নামঃ** **Power System Expansion and Efficiency Improvement Investment Program (Tranche 3)**

প্রকল্পের চুক্তি স্বাক্ষরিত হয় ২২ ডিসেম্বর ২০১৫। বিদ্যুৎ বিভাগ প্রকল্পটির উদ্যোগী বিভাগ এবং আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানি লিঃ, পাওয়ার গ্রীড কোম্পানি অব বাংলাদেশ লিঃ ও বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড বাস্তবায়নকারী সংস্থা। প্রকল্পে এডিবি প্রদত্ত ঋণের পরিমাণ ২০৫ মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্প বাস্তবায়নের মেয়াদ জানুয়ারি ২০১৬ হতে ডিসেম্বর ২০২০ পর্যন্ত। প্রকল্পটির উদ্দেশ্য হল বাংলাদেশের বিদ্যুৎ খাতে উৎপাদন, সঞ্চালন এবং বিতরণ সক্ষমতা বৃদ্ধি করা।

**প্রকল্পের নামঃ** **Third Capital Market Development Program**

প্রকল্পের চুক্তি স্বাক্ষরিত হয় ২২ নভেম্বর ২০১৫। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ প্রকল্পটির উদ্যোগী বিভাগ এবং বাংলাদেশ ব্যাংক ও বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেনজ কমিশন বাস্তবায়নকারী সংস্থা। প্রকল্পে এডিবি প্রদত্ত ঋণের পরিমাণ ২৫০ মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্প বাস্তবায়নের মেয়াদ জানুয়ারি ২০১৬ হতে জুন ২০১৮ পর্যন্ত। প্রকল্পটির উদ্দেশ্য হল পুঁজি বাজারের সক্ষমতা বৃদ্ধির পাশাপাশি পুঁজি বাজারের সুবিধাসমূহ বৃদ্ধি করা।

## ❖ কারিগরি সহায়তা (TA) প্রকল্প

**প্রকল্পের নামঃ** **Capacity Development of Bangladesh Railway for Project Implementation**

অনুদান চুক্তি স্বাক্ষরিত হয় ২৩ সেপ্টেম্বর ২০১৫। রেলপথ মন্ত্রণালয় প্রকল্পটির উদ্যোগী বিভাগ এবং বাংলাদেশ রেলওয়ে বাস্তবায়নকারী সংস্থা। প্রকল্পে এডিবি প্রদত্ত অনুদানের পরিমাণ ১.০০ মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্প বাস্তবায়নের মেয়াদ জুলাই ২০১৫ থেকে জুন ২০১৯ পর্যন্ত। প্রকল্পটির উদ্দেশ্য হল বাংলাদেশ রেলওয়ের ক্রয় প্রক্রিয়া এবং Safeguards বাস্তবায়ন বিষয়সহ প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত বিষয়ে বাংলাদেশ রেলওয়ের দক্ষতা বৃদ্ধি।

**প্রকল্পের নামঃ** **Southwest Area Integrated Water Resources Planning and Management Project (Additional Financing)**

অনুদান চুক্তি স্বাক্ষরিত হয় ১৩ ডিসেম্বর ২০১৫। পানি সম্পদ মন্ত্রণালয় প্রকল্পটির উদ্যোগী বিভাগ এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড বাস্তবায়নকারী সংস্থা। প্রকল্পে এডিবি প্রদত্ত অনুদানের পরিমাণ ৭.০০ মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্প বাস্তবায়নের মেয়াদ জুলাই ২০১৫ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত। প্রকল্পটির উদ্দেশ্য হল প্রকল্প এলাকায় বন্যা নিয়ন্ত্রণ এবং পানি নিষ্কাশন/সেচ ব্যবস্থার উন্নয়নের মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি সাধন ও দারিদ্র হ্রাস করে গ্রামীণ জনসাধারণের জীবনমানের উন্নয়ন ঘটানো।

**প্রকল্পের নামঃ** **TA for Strengthening Monitoring & Enforcement in Meghna River for Dhaka's Sustainable Water Supply**

অনুদান চুক্তি স্বাক্ষরিত হয় ১৯ নভেম্বর ২০১৫। বন ও পরিবেশ মন্ত্রণালয় প্রকল্পটির উদ্যোগী বিভাগ এবং পরিবেশ অধিদপ্তর বাস্তবায়নকারী সংস্থা। প্রকল্পে এডিবি প্রদত্ত অনুদানের পরিমাণ ১.০০ মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্প বাস্তবায়নের মেয়াদ ডিসেম্বর ২০১৪-জুন ২০১৬ পর্যন্ত। প্রকল্পটির উদ্দেশ্য হল ঢাকা শহরে দীর্ঘমেয়াদী পানি সরবরাহ নিরাপত্তা নিশ্চিত করার জন্য মেঘনা নদীতে মনিটরিং এবং এনফোর্সমেন্ট কৌশল শক্তিশালী করা।

**প্রকল্পের নামঃ** **TA for Bangladesh Power System Enhancement and Efficiency Improvement Project**

অনুদান চুক্তি স্বাক্ষরিত হয় ৩০ মে ২০১৬। এশীয় উন্নয়ন ব্যাংক প্রকল্পটির বাস্তবায়নকারী সংস্থা। প্রকল্পে এডিবি প্রদত্ত অনুদানের পরিমাণ ০.২২৫ মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্প বাস্তবায়নের মেয়াদ মার্চ ২০১৬ হতে অক্টোবর ২০১৬। প্রকল্পটির উদ্দেশ্য হল গ্রামীণ বিদ্যুতায়ন, মিটারিং এবং ট্রান্সমিশনে বিনিয়োগ প্রকল্প গ্রহণের নিমিত্তে কম্পোনেন্ট প্রস্তুতকরণ ও প্রস্তাবিত Bangladesh Power System Enhancement and Efficiency Improvement Project এর কম্পোনেন্ট রিভিউকরণ।

**প্রকল্পের নামঃ** **Enabling Poor Women's Benefits from Island**

অনুদান চুক্তি স্বাক্ষরিত হয় ২৪ আগস্ট ২০১৫। বিদ্যুৎ বিভাগ প্রকল্পটির উদ্যোগী বিভাগ এবং বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড বাস্তবায়নকারী সংস্থা। প্রকল্পে এডিবি প্রদত্ত অনুদানের পরিমাণ ০.৫০ মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্প বাস্তবায়নের মেয়াদ আগস্ট ২০১৫ হতে ডিসেম্বর ২০১৬ পর্যন্ত। প্রকল্পটির উদ্দেশ্য হল Energy সেক্টরে মহিলাদের কর্মসংস্থান বৃদ্ধি ও কারিগরি প্রশিক্ষণ সুযোগ বৃদ্ধিকরণ।

**প্রকল্পের নামঃ** **Education and Skills Development-2**

অনুদান চুক্তি স্বাক্ষরিত হয় ২৭ জানুয়ারি ২০১৬। শিক্ষা মন্ত্রণালয় প্রকল্পটির উদ্যোগী বিভাগ এবং অর্থ বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় বাস্তবায়নকারী সংস্থা। প্রকল্পে এডিবি প্রদত্ত অনুদানের পরিমাণ ১.৫০ মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্প বাস্তবায়নের মেয়াদঃ অক্টোবর ২০১৫- সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত। প্রকল্পটির উদ্দেশ্য হল Secondary Education Sector Investment Program (SESIP) এবং Skills for Employment Investment Program (SEIP)-এর ব্যবস্থাপনার মানোন্নয়নে Fiduciary risk management, results-based reporting, procurement and financial management- ইত্যাদি ক্ষেত্রে সক্ষমতা বৃদ্ধি করা।

### ২.৫.৩ ২০১৫-১৬ অর্থ-বছরে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি) এর ঋণ ও কারিগরি সহায়তা গ্রহণ সংক্রান্ত কার্যক্রম

**(i) এডিবি অনুবিভাগের কার্যক্রম সংশ্লিষ্ট ২০১৫-১৬ অর্থ-বছরে অনুষ্ঠিত গুরুত্বপূর্ণ সভা:**

**দেশে অনুষ্ঠিত সভা:**

বাংলাদেশে অর্থায়ন বিষয়ে সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার প্রতিনিধিসহ এডিবি'র সাথে ঋণচুক্তি ও অনুদানচুক্তি সম্পাদন পূর্ববর্তী ও পরবর্তী সময়ে দেশের আভ্যন্তরে নিম্নোক্ত সভা অনুষ্ঠিত হয়েছে।

- **Country Partnership Strategy Meeting:** Vision 2021 বাস্তবায়নে 7th Five Year Plan এর নিরিখে বাংলাদেশে অর্থায়নের বিষয়ে মোট ০৩টি Country Partnership Strategy Meeting অনুষ্ঠিত হয়েছে।
- **Country Portfolio Review Meeting**: বাংলাদেশ বিভিন্ন উন্নয়ন প্রকল্পে এডিবি'র অর্থায়ন নির্ধারণ বিষয়ে আলোচনার জন্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার প্রতিনিধিসহ এডিবি'র সাথে ০৩টি Country Portfolio Review Meeting (CPRM) অনুষ্ঠিত হয়।
- **Tripartite Portfolio Review Meeting (TPRM)**: এডিবি'র আর্থিক সহায়তায় বাস্তবায়নাধীন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য ইআরডি, প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ ও সংস্থা এবং এডিবি'র মধ্যে ০৪টি Tripartite Portfolio Review Meeting অনুষ্ঠিত হয়েছে।
- **Wrap up Meeting**: এডিবি'র আর্থিক সহায়তা চূড়ান্তকরণ ও প্রকল্পের অগ্রগতি পর্যালোচনার জন্য Consultation Mission/Fact-Finding Mission/Loan Review Mission কালে মোট ১৩টি Wrap up Meeting অনুষ্ঠিত হয়।
- **আন্তঃমন্ত্রণালয় সভা:** এডিবি'র ঋণ সহায়তা গ্রহণের জন্য লোন নেগোসিয়েশনের প্রস্তাব পাওয়ার পর Draft Loan Document এর উপর আলোচনার লক্ষ্যে ও চলমান প্রকল্প কর্মসূচীর বাস্তবায়ন সমস্যা নিয়ে আলোচনার জন্য ০৫টি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে।
- **অনুবিভাগ-সমন্বয় সভা:** এডিবি অনুবিভাগের কার্যক্রম পর্যালোচনার জন্য ০৫টি অনুবিভাগ-সমন্বয় সভা করা হয়;

**বিদেশে অনুষ্ঠিত সভা:**

- এডিবি'র বার্ষিক সভা: এডিবির কার্যক্রম বাৎসরিক ভিত্তিতে পর্যালোচনা ও গুরুত্বপূর্ণ নীতি নির্ধারণের বিষয়ে প্রতিবছর এ সংস্থার (BoG)- এর সভা যে কোন একটি সদস্য দেশে অনুষ্ঠিত হয়। এ পর্যন্ত ৪৯টি এডিবি'র বার্ষিক সভা অনুষ্ঠিত হয়েছে। সর্বশেষ ৪৯তম বার্ষিক সভাটি গত ০২-০৫ মে ২০১৬ তারিখে জার্মানির ফ্রাঙ্কফুটে অনুষ্ঠিত হয়। বাংলাদেশ থেকে মাননীয় অর্থমন্ত্রীর নেতৃত্বে ইআরডির সিনিয়র সচিব, এডিবি অনুবিভাগ প্রধান (যুগ্ম-সচিব), যুগ্ম-সচিব (এডিবি-১) সহ মোট ০৮ সদস্যের একটি প্রতিনিধিদল উক্ত সভায় যোগদান করেছে। উল্লেখ্য, মাননীয় অর্থমন্ত্রী এডিবির BoG-এর গভর্নর এবং ইআরডির সিনিয়র সচিব মহোদয় বিকল্প গভর্নর;
- **SASEC Nodal Official Meeting**: এডিবির উদ্যোগে গত ০২-০৫ মে ২০১৬ তারিখে জার্মানির ফ্রাঙ্কফুটে অনুষ্ঠিত এডিবি'র বার্ষিক সভার Sideline Meeting হিসাবে SASEC Nodal Official Meeting অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ইআরডির সিনিয়র সচিব, এডিবি অনুবিভাগ প্রধান (যুগ্ম-সচিব), যুগ্ম-সচিব (এডিবি-১) যোগদান করেন।

**(ii) লোন নেগোসিয়েশনঃ**

২০১৫-১৬ অর্থ-বছরে নিম্নোক্ত ১০টি প্রকল্পের লোন নেগোসিয়েশন অনুষ্ঠিত হয়েছে।

| ক্রঃ | প্রকল্পের নাম | তারিখ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | Railway Rolling Stock Project | ২৯ জুলাই ২০১৫ |
| ২ | Additional Financing to the Subregional Transport Project Preparatory Facility | ২৯ জুলাই ২০১৫ |
| ৩ | Third Capital Market Development Program | ০৯ আগস্ট ২০১৫ |
| ৪ | Southwest Area Integrated Water Resources Planning & Management Project (Additional Financing) | ০৬ আগস্ট ২০১৬ |
| ৫ | Second SASEC Bangladesh-India Electrical Grid Interconnection Project | ০৫ আগস্ট ২০১৬ |
| ৬ | Power System Expansion & Efficiency Improvement Investment Program (Tranche 3) | ২১ অক্টোবর ২০১৫ |
| ৭ | Second Small and Medium Enterprise | ২৬ অক্টোবর ২০১৫ |
| ৮ | Railway Sector Investment Program, Tranche 4 | ০৩ মার্চ ২০১৬ |
| ৯ | Dhaka Water Supply Network Improvement Project | ২৮ এপ্রিল ২০১৬ |
| ১০ | SASEC Chittagong –Cox's Bazar Railway Project Phase 1 | ২৯ জুন ২০১৬ |

### ২.৫.৪ এডিবির উর্ধ্বতন অফিসিয়ালদের বাংলাদেশ সফর:

এডিবির উর্ধ্বতন অফিসিয়ালদের বাংলাদেশ সফরের বিষয়ে সচিব মহোদয়ের নির্দেশনা মতে প্রয়োজনীয় সংশ্লিষ্ট কার্যক্রম গ্রহণ করা হয়ে থাকে। ২০১৫-১৬ অর্থ-বছরে নিম্নোক্ত এডিবি'র নিম্নোক্ত উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ বাংলাদেশ সফর করেন।

| ক্রঃ | কর্মকর্তার নাম ও পদবী | সময়কাল |
|---|---|---|
| ০১ | Mr. Wencai Zhang, Vice President (Operations 1) | ১৩-১৬ নভেম্বর ২০১৫ |
| ০২ | Mr. Toshio Oya, Director General, Budget, Personnel & Management Systems Department | ২৮ নভেম্বর – ০১ ডিসেম্বর ২০১৫ |
| ০৩ | Mr. Umesh Kumar, Executive Director, Board of Directors | ২১-২৪ ফেব্রুয়ারি ২০১৬ |
| ০৪ | Mr. Hum Kin, Director General, South Asia Department | ০৯-১১ এপ্রিল ২০১৬ |

### ২.৫.৫ সেমিনার/কর্মশালা/প্রশিক্ষণে অংশগ্রহণ সংক্রান্ত তথ্য:

এডিবির উদ্যোগে ২০১৫-১৬ অর্থ-বছরে বাংলাদেশে ও বাংলাদেশের বাহিরে অনুষ্ঠিত সেমিনার/কর্মশালা/ প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও সংস্থা থেকে কর্মকর্তা প্রেরণের ব্যবস্থা নেওয়া হয়। দেশে ও বিদেশে অনুষ্ঠিত সেমিনার/কর্মশালা/প্রশিক্ষণ এবং সেগুলোতে বাংলাদেশ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা নিম্নরূপ-

| অর্থ বছর | বিদেশে | | দেশের অভ্যন্তরে | |
|---|---|---|---|---|
| ২০১৫-২০১৬ | প্রশিক্ষণ কর্মসূচি | অংশগ্রহনকারী | প্রশিক্ষণ কর্মসূচি | অংশগ্রহনকারী |
| | ৫১টি | ১৩০ জন | ০১ টি | ০১ জন |

### ২.৫.৬ ২০১৫-১৬ অর্থ-বছরে স্বাক্ষরিত ঋণচুক্তি ও অনুদান-চুক্তি:

| চুক্তি | সংখ্যা | পরিমাণ($ মিলিয়ন) |
|---|---|---|
| ঋণ চুক্তি | ০৭ | ৮৫৫.০০ |
| অনুদান-চুক্তি | ০৬ | ১১.২২৫ |